

# সরকার প্রতিবছর ৫শ' আইসিটি কর্মীকে বৃত্তি দেবে

বাসস ॥ সরকার ইন্টারনেটের মাধ্যমে জনগণের কথা বলার সুবিধার্থে শিগগিরই ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল (ভিওআইপি) চালু করার সিদ্ধান্ত নিয়েছে। বৃহস্পতিবার তথ্য ও

যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সেক্রেটার জাতীয়া টাঙ্ক ফোর্সের চতুর্থ বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এতে সভাপতিত্ব করেন।

বৈঠকে প্রতি বছর বিভিন্ন বেসরকারি কোম্পানী ও প্রতিষ্ঠানে সর্বোচ্চ ৫শ' প্রশিক্ষণপ্রাপ্ত আইসিটি কর্মীকে তাদের প্রশিক্ষণকে স্বজনপাল, (৫ম পৃঃ ৫-এর কঃ ৫ঃ)

## সরকার প্রতিবছর ৫শ'

(৩য় পৃঃ পর)

ফলশ্রুতি ও মানসম্পন্ন কর্মীর লক্ষ্যে নিয়োগ করার সিদ্ধান্ত নেয়া হয়। বিজ্ঞান ও আইসিটি মন্ত্রণালয়ের তদারকিতে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে এই নিয়োগ প্রদান করা হবে। সরকার ৬ মাস থেকে ১ বছর মেয়াদের ইন্টারন্যাশনাল জন্মা ইন্টারন্যাশনাল ভিতরে পতকরা ৬০ ভাগ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। অবশিষ্ট ৪০ ভাগ সফটওয়্যার কোম্পানী বা সংস্থা প্রদান করবে। এ বাতে প্রতি বছর সরকারের আড়াই কোটি টাকা ব্যয় হবে। বৈঠকে প্রায় ২৫১ কোটি টাকা ব্যয়ে ঢাকার কাছে কাপিলারকরে ২৬৫ একর জমির ওপর হাইটেক পার্ক প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে দেশের সফটওয়্যার ইন্ডাস্ট্রীর উন্নয়নের সহায়তার উদ্দেশ্যে আরো দুটি অংশীদারিত্বমূলক ব্যবসা উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেয়া হয়। এর একটি ফুক্তরস্ট্রের আধিনিয়ন্ত্র এবং অপরটি জার্মানিতে প্রতিষ্ঠা করা হবে। সরকার বাংলাদেশ থেকে সফটওয়্যার ইন্ডাস্ট্রীর বৃত্তির জন্য ইতিমধ্যে ফুক্তরস্ট্রের সিলিকন জাণিতে একটি ব্যবসা উন্নয়ন কেন্দ্র চালু করেছে। সরকার সর্বজনীন পরিদপ্তর ও অধিদপ্তরের কর্মকর্তাকে কম্পিউটার পদ্ধতির আওতায় আনার মাধ্যমে 'ই-গভর্নামেন্ট' চালু করারও সিদ্ধান্ত নিয়েছে। বৈঠকে আরো জানানো হয় যে, দহিনু ও মেঘাবী ছাত্র-ছাত্রীদের উচ্চতর পর্যায়ের আইসিটি শিক্ষার সুযোগদানের লক্ষ্যে প্রধানমন্ত্রীর বৃত্তি চালুর সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

ডঃ ইতনুস, ডঃ জামিলুর রেজা চৌধুরী, ডঃ এ এন চৌধুরী, সবুর খান, এইচএন করিম এবং সৈয়দ মারুফ খোরশেদসহ আইসিটি বিষয়ক টাঙ্কফোর্সের সদস্যরা বৈঠকে উপস্থিত ছিলেন। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান, বিজ্ঞান ও আইসিটি মন্ত্রী ডঃ এ হসিন খান, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক, বাণিজ্যমন্ত্রী আমীর হুসেন মাহমুদ চৌধুরী, প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী ও মোসাদেক আলী, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ কামাল সিদ্দিকী প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।